



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী অঞ্চল, রাজশাহী
www.dae.rajshahidiv.gov.bd

স্মারক নং-১২.০১.৮১০০.০০০.০৬.০০৪.১৯. ১৫৭৪(২২)


তারিখঃ ৩০/০৫/১৪২৭ বঙ্গাব্দ
১৪/০৯/২০২০ খ্রিস্টাব্দ

বিশেষ সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রসারণ শাখা-১, কৃষি মন্ত্রণালয়, ঢাকার স্মারক নং-১২.০০.০০০০.০৫২. ৯৯.০১৭.২০-৬৩০, তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২০ খ্রি. মোতাবেক রাজশাহী অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুল কাদের, অতিরিক্ত সচিব, নিরীক্ষা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের ১৩/০৯/২০২০ খ্রি. তারিখের টেলিফোনিক নির্দেশনানুযায়ী তাঁহার উপস্থিতিতে আগামী ১৭/০৯/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় অতিরিক্ত পরিচালকের সম্মেলন কক্ষ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহীতে এক বিশেষ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অঞ্চলের সকল উপপরিচালক এবং সকল উপজেলা কৃষি অফিসার (মেট্রোপলিটন কৃষি অফিসার)গণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

১. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে খাদ্য উৎপাদন ব্যবস্থা চালু রাখতে, অধিক ফসল উৎপাদন করতে, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে ও কোন জমি যেন পতিত না থাকে সে বিষয়ে কি কি ব্যবস্থা গৃহীত হয়েছে;
২. ফসল আবাদের অগ্রগতি;
৩. কৃষি যন্ত্রপাতি ব্যবহার;
৪. বিভিন্ন ফসলের প্রণোদনা, পূর্নবাসন, ক্ষতিপূরণ ও রাজস্ব প্রদর্শনী সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন;
৫. “পারিবারিক সবজি-পুষ্টি বাগান” বাস্তবায়ন কার্যক্রম;
৬. সমলয় চাষাবাদ;
৭. সার আগমনী বার্তা বিষয়ক প্রতিবেদন;
৮. বিশেষ এলাকায় বিশেষ ফসলের প্রসারে করণীয়; এবং
৯. কৃষি সংক্রান্ত অন্যান্য কার্যক্রম।



(সুধেন্দ্র নাথারায়)

অতিরিক্ত পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

রাজশাহী অঞ্চল, রাজশাহী

ফোন : ০৭২১-৭৬১৪৪৮

adrajshahi@dae.gov.bd

১৪/০৯/২০২০

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ। জেলার সকল উপজেলা কৃষি অফিসার ও মেট্রোপলিটন কৃষি অফিসারসহ (প্রযোজ্য ক্ষেত্রে) আপনাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ০২। উপপরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৩। উন্নয়ন শাখা/ সংস্থাপন শাখা/ হিসাব শাখা, এডিএই অফিস, রাজশাহী।
- ০৪। ব্যক্তিগত সহকারী, এডিএই অফিস, রাজশাহী। সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য বলা হলো।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। অতিরিক্ত সচিব, নিরীক্ষা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।